# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩০৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

## الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

### আরবী

(صحيح لغيره) و عَنْ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ الْأَبْعَدُ فَالْأَبْعَدُ مِنْ الْمَسْجِدِ أَعْظَمُ أَجْرًا. رواه أحمد وأبو داود وابن ماجه والحاكم وقال حديث صحيح مدني الإسناد

### বাংলা

৩০৬. (সহীহ্ লি গাইরিহী) আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ ’’সর্বাধিক প্রতিদানের অধিকারী ঐ ব্যাক্তি যে মসজিদ থেকে অধিক দূরে থাকে এবং পায়ে হেঁটে হেঁটে মসজিদে আসে।’’[1]

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ২/৪২৮, আবু দাউদ ৫৫৬, ইবনু মাজাহ্ ৭৮২ ও হাকেম ১/২০৮। হাকেম বলেনঃ হাদীছটি সহীহ্ এবং সনদের রাবীগণ মাদানী।)

### ফুটনোট

[1] . মসজিদ থেকে যে যত দূরে অবস্থান করবে সে নিকটে অবস্থানকারীর চাইতে অধিক সাওয়াবের অধিকারী হবে। মসজিদ থেকে যত দূরেই থাকুন না কেন জামাআতে সালাত আদায় করার প্রতি এ হাদিসে উদ্বুদ্ধ করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88077

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন